

# ভিডিওগুলো দেখে বলিভিয়াতে আরও গবেষণার সূত্রপাত

ইমপ্যাক্ট  
স্টাডি  
১৫

## ভূমিকা

২০১৭ সালে এগ্রো-ইনসাইট ‘প্রাইনপা অ্যান্ড দ্য ফানডেসিয়ন ভ্যালেস’-এর সাথে বলিভিয়ায় দুটি ভিডিও চিত্রায়ন করে। আরও পাঁচটি ভিডিও অনুবাদ করা হয়। সব মিলিয়ে মোট সাতটি ভিডিও নিয়ে একটি ডিভিডি প্রকাশ করা হয়। ভিডিওগুলো ‘প্রাইনপা অ্যান্ড দ্য ফানডেসিয়ন ভ্যালেস’, ‘ওয়ার্ল্ড নেইবারস’ ও ‘প্রসুকো’র কাছে বিতরণ করা হয়। ২০১৮ সালে এগ্রো-ইনসাইট ভিডিওগুলোর ইমপ্যাক্ট বা প্রভাব নিরূপণের জন্য একটি পর্যবেক্ষণ কার্যক্রম পরিচালনা করে।



ভিডিওগুলো যত বেশি জনগোষ্ঠীতে দেখানো যায় তত বেশি মানুষ প্রভাবিত হবে

## ভিডিওগুলো অংশগ্রহণমূলক গবেষণায় উদ্দীপক হিসেবে কাজ করে

এগ্রো-ইনসাইটের সাথে যেসকল সম্প্রসারণকর্মী প্রভাব পর্যবেক্ষণের (ইমপ্যাক্ট স্টাডির) কাজে যুক্ত ছিল, তারা দেখতে পায় যে, কৃষকেরা ভিডিওগুলোর অনেক কিছুই মনে করতে পারছে। যার ফলে দেখা যায় যে, প্রকৃতপক্ষে অনেক কৃষকই তাদের অভ্যাস পরিবর্তন করেছে। সম্প্রসারণকর্মীদের অনেকেই অনুধাবন করে যে, ভিডিওগুলো শিখন-কাজের জন্য কার্যকর হাতিয়ার হিসেবে ব্যবহার করা যেতে পারে, এবং তারা ভিডিওগুলো ব্যবহারের জন্য সংরক্ষণ করতে চায়। সম্প্রসারণকর্মীগণ এটাও অনুধাবন করে যে, যদি তারা আরও বেশি মানুষকে ভিডিওগুলো দেখাতে পারতো তবে তার প্রভাব আরও বেশি হতো। ভিডিওগুলোর ব্যবহার চালিয়ে যাওয়ার জন্য অনেক সম্প্রসারণকর্মী পরিকল্পনা গ্রহণ করেছে।

## শিখন ও পরীক্ষানিরীক্ষাকরণ

অংশগ্রহণমূলক গবেষণার জন্য ভিডিওগুলো উদ্দীপক হিসেবে কাজ করেছিল। কমিউনিটির মানুষদের সাথে নিয়ে ‘প্রাইনপা’ বিভিন্ন ঘনত্বে ‘লুপিন’ জাতের চাষাবাদ নিয়ে পরীক্ষা চালিয়ে যাবে। ‘ফানডেসিয়ন ভ্যালেস’-এর পরিকল্পনা হলো তারা চীনাবাদাম শুকানোর উপরে অংশগ্রহণমূলক গবেষণা চালাবে। ওয়ার্ল্ড নেইবার হিসাববিকাশের কাজটি চালিয়ে যাবে এবং মৌমাছি পালনের কার্যক্রম শুরু করবে। ‘প্রোসুকো’-র একজন চাষি ও সম্প্রসারণকর্মী, নাম- ইয়াপুচিরিস, কেঁচো নিয়ে গবেষণা করার পরিকল্পনা করেছে।



ভিডিওগুলোর শিখনের সাথে ধারণাশক্তি কাজে লাগিয়ে মানুষ নিজেদের পরীক্ষানিরীক্ষা চালায়

যেসকল কৃষক ভিডিওগুলো দেখেছিল, তারা ভিডিও’র তথ্যগুলো নিজেদের সৃজনশীলতায় ব্যবহার করে পরীক্ষানিরীক্ষা করেছে। ‘প্রাইনপা’-র সাথে সংশ্লিষ্ট নারী কৃষকগণ, যারা ‘লুপিন বিন’ চাষ করে, তারা প্রকৃত পরীক্ষানিরীক্ষা চালায়, যেমন- সারিবদ্ধভাবে ‘লুপিন’ চাষ করা। ‘ফানডেসিয়ন ভ্যালেস’-এর সাথে জড়িত বাদামচাষিগণ ভিডিওগুলোর দ্বারা উদ্বুদ্ধ হয়ে নষ্ট হয়ে যাওয়া বা ছাতাপড়া বাদাম না খাওয়ার ব্যাপারে আরও সতর্ক হয়েছে। বলিভিয়ার কৃষকগণ অন্য দেশে চিত্রায়িত ভিডিওগুলোতে তাদের মতো ক্ষুদ্র কৃষকদের দেখে ভিডিওগুলো আনন্দের সাথে গ্রহণ করেছে। বলিভিয়ার দর্শকগণ দূরদেশের কৃষকদের চিহ্নিত করতে পারে।

এই কেস স্টাডিটি ম্যাকনাইট ফাউন্ডেশন-এর সিসিআরপি-র সহায়তায় তৈরি করা হয়েছে।

Contact: Jeffery Bentley jeff@agroinsight.com

Bentley, Jeffery, & Paul Van Mele 2018 Follow up study:  
DVDs in Bolivia.

COLLABORATIVE  
CROP RESEARCH  
PROGRAM  
HELPING SMALLHOLDER  
FARMERS FEED THEIR WORLD  
THE MCKNIGHT FOUNDATION

AGRO  
insight  
communicating agriculture

সারসংক্ষেপ ও  
ছবি: জেফ  
বেন্টলে